



উপদেষ্টাদের সেফ এক্সিট নেওয়ার আগে সম্পদের হিসাব চাইলেন পাটওয়ারী



নাসিরুদ্দিন পাটওয়ারী। ছবি: সংগৃহীত

উপদেষ্টারা দায়িত্ব ছাড়ার আগে তাঁদের সম্পদের পূর্ণাঙ্গ বিবরণ জনসমক্ষে প্রকাশের দাবি জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)—এর মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দিন পাটওয়ারী। শনিবার গভীর রাতে রাজধানীতে বিএনপির কথিত সহিংসতার প্রতিবাদে আয়োজিত বিক্ষোভ শেষে তিনি এ আহ্বান জানান। তিনি বলেন, একাধিক উপদেষ্টা নিরাপদ প্রস্থানের কথা ভাবছেন বলে শোনা যাচ্ছে। দেশবাসীর পক্ষ থেকে তাঁদের প্রতি আহ্বান—দায়িত্ব শেষ করার আগে সম্পদের হিসাব প্রকাশ করুন এবং এতদিন কী কাজ করেছেন তার বিস্তারিত বিবরণ দিন। জনগণের কাছে জবাবদিহি নিশ্চিত করাই এখন সময়ের দাবি।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-৮ আসনে কারচুপির অভিযোগও তোলেন পাটওয়ারী। তাঁর দাবি, পরিকল্পিতভাবে ভোটের ফল প্রভাবিত করা হয়েছে এবং এতে প্রভাবশালী মহলের পাশাপাশি প্রশাসনের একটি অংশ যুক্ত ছিল। তিনি বলেন, এ প্রক্রিয়ার মাধ্যমে জনগণের মতামত উপেক্ষা করে এক ধরনের দমনমূলক ব্যবস্থা চাপিয়ে দেওয়া হয়েছে। বক্তব্যে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সমালোচনাও করেন তিনি। তাঁর অভিযোগ, নির্বাচনী প্রক্রিয়ায় প্রশাসনকে ব্যবহার করে ভিন্নধর্মী একটি সংস্কৃতি তৈরি করা হয়েছে, যার দায় ইতিহাস এড়িয়ে যাবে না।

দেশের সাম্প্রতিক পরিস্থিতি নিয়েও উদ্বেগ প্রকাশ করেন এনসিপির এই নেতা। তাঁর বক্তব্য, বিভিন্ন স্থানে আওয়ামী লীগের কার্যালয় উদ্বোধন এবং নারীদের ওপর হামলার ঘটনা উদ্বেগজনক। এসব ঘটনার জন্য সংশ্লিষ্টদের জবাবদিহির মুখোমুখি হতে হবে বলেও তিনি সতর্ক করেন।